

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর  
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা  
www.dncrp.gov.bd

নম্বরঃ ২৬.০৪.০০০০.১০৮.১১.১৫১.১৫.৩৮৬

তারিখঃ ১৬ নভেম্বর ২০১৫

প্রজ্ঞাপন

বিভাগীয় বাছাই কমিটির সুপারিশক্রমে বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরে নিম্নবর্ণিত তিন (০৩) জন প্রার্থীকে জাতীয় বেতন স্কেল, ২০০৯ মোতাবেক টাকা ৪৭০০-২৬৫৫৭-৬৫৫৫-ইবি-২৯০×১১-৯৭৪৫ বেতন ক্রমে এবং তৎসহ দেয় অন্যান্য সরকারী ভাতাসহ “অভিযোগ গ্রহণকারী” পদে নিয়োগপূর্বক তাহাদের নামের পার্শ্বে উল্লেখিত কর্মস্থলে পদায়ন করা হইলঃ

| ক্রমিক | প্রার্থীর নাম ও ঠিকানা  | রোল নম্বর | পদায়নকৃত কর্মস্থল  |
|--------|---|-----------|---|
| ১      | প্রবীর কুমার সরকার<br>পিতা: মনিন্দ্রনাথ সরকার<br>মাতা: শোভা রানী সরকার<br>গ্রামঃ পুগলী, ডাকঘরঃ বাংড়া, উপজেলাঃ কালিহাতী, জেলাঃ টাঙ্গাইল।<br>বর্তমান ঠিকানাঃ ৩৭৬/১ আহমেদ নগর, পাইকপাড়া, মিরপুর-১, ঢাকা। | ১০৫       | জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ<br>অধিদপ্তর<br>প্রধান কার্যালয়, ঢাকা। |
| ২      | মোঃ আসাদুল হাবিব<br>পিতা: মোঃ আসমত উল্লাহ<br>মাতা: আনজু আরা বেগম<br>গ্রামঃ প্রতাপ, ডাকঘরঃ টগরাইহাট, উপজেলাঃ কুড়িগ্রাম সদর, জেলাঃ কুড়িগ্রাম।<br>বর্তমান ঠিকানাঃ ঐ                                      | ৯৩        |   |
| ৩      | শেখ মোঃ রাসেল<br>পিতা: মোঃ মুজিবর রহমান<br>মাতা: সালেহা বেগম<br>গ্রামঃ মহম্মদপুর (হাসপাতাল পাড়া), ডাকঘর ও উপজেলাঃ মহম্মদপুর,<br>জেলাঃ মাগুরা।<br>বর্তমান ঠিকানাঃ ঐ।                                    | ১০        |   |

১। নিয়োগের শর্তাবলীঃ

- চাকুরীতে যোগদানের ৩(তিন) মাসের মধ্যে তাহাদের নিজ জেলার পুলিশ বিভাগ কর্তৃক প্রাক পরিচয় যাচাই সম্পর্কিত প্রতিবেদন সংগ্রহ করা হইবে। পুলিশ ভেরিফিকেশন এর মধ্যেমে কাহারো বিরুদ্ধে বিরূপ অভিযোগের প্রমাণ পাওয়া গেলে কোন প্রকার কারণ না দর্শাইয়া তাৎক্ষনিকভাবে চাকুরীচ্যুত করা হইবে।
- নিয়োগ প্রাপ্ত তিন (০৩) জন কর্মচারীকে প্রথম ২(দুই) বছর শিক্ষানবিশ হিসাবে চাকুরী করিতে হইবে। শিক্ষানবিশকালীন চাকুরী সন্তোষজনক প্রতীয়মান হইলে চাকুরীতে স্থায়ীকরণের বিষয়টি বিবেচনা করা হইবে। শিক্ষানবিশকালে যদি কাহারো কাজ ও আচরণ কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক নয় বলিয়া বিবেচিত হয় অথবা কাহারো বিরুদ্ধে কোন অভিযোগ প্রমাণিত হইলে কোন প্রকার কারণ না দর্শাইয়া তাৎক্ষনিকভাবে চাকুরীচ্যুত করা হইবে।
- সিভিল সার্জন দ্বারা শারীরিক সুস্থতা সংক্রান্ত সার্টিফিকেট চাকুরীতে যোগদানের তারিখ অবশ্যই দাখিল করিতে হইবে।
- এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এইরূপ ক্ষেত্রে চাকুরী-সংশ্লিষ্ট প্রচলিত সরকারী বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হইবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাহাদের চাকুরী নিয়ন্ত্রিত হইবে।
- আনসার-ভিডিপি প্রার্থী, এতিম/প্রতিবন্ধী প্রার্থী, উপজাতি প্রার্থী ও মুক্তিযোদ্ধা পোষ্যকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল সনদ জমা দিতে হইবে; কাহারো সনদপত্র ত্রুটিপূর্ণ বা ভূয়া প্রমাণিত হইলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে তাহার নিয়োগ বাতিল করা হইবে এবং তাহার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে;
- চাকুরীতে যোগদানের জন্য কোন ভ্রমণ ভাতা, দৈনিকভাতা প্রদান করা হইবে না।

চলমান পাতা-২

- ২। আগামী ১৫ ডিসেম্বর, ২০১৫ তারিখ রোজ মঞ্জলবার নির্ধারিত কর্মস্থলে যোগদান করিতে হইবে। উক্ত তারিখে যোগদান করিতে ব্যর্থ হইলে এই নিয়োগপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।
- ৩। জনস্বার্থে এই নিয়োগ আদেশ জারী করা হইল।

স্বাক্ষরিত/-  
(মোঃ আবুল হোসেন মিয়া)  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
ফোনঃ ৮১৮৯৪২৬  
ই-মেইলঃ dncrp@yahoo.com


নং-২৬.০৪.০০০০.১০৮.১১.১৫১.১৫.৩৮৬/১(১০১)

তারিখঃ ১৬ নভেম্বর ২০১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়/অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩। বিভাগীয় কমিশনার,----- বিভাগ।
- ৪। পরিচালক (সকল), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক,----- জেলা।
- ৬। পুলিশ সুপার,----- জেলা।
- ৭। উপ পরিচালক (সকল), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৮। উপ পরিচালক, সকল বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।
- ৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, মৌচাক টাওয়ার, ৮৩/বি, মালিবাগ, ঢাকা।
- ১০। সহকারী পরিচালক(সকল), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ১১। সহকারী পরিচালক (সকল),----- জেলা কার্যালয়, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর,-----।
- ১২। জনাব -----

১৩। ব্যক্তিগত নথি/ অফিস কপি।

  
(হাবিবুর রহমান)  
উপ পরিচালক (প্রশাসন ও অর্থ)  
ফোনঃ ৮১৮৯০৪৭